

Seen
হাইদ্র ডায়েব
Makla
06/02/26


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সরেজমিন উইং
খামারবাড়ি, ঢাকা-১২১৫
(www.dae.gov.bd)

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঝিনাইদহ	
ডিটিও/এডিডি(শস্য)/এডিডি(শিপি)/এডিডি(উদ্যান)কৃষি প্রকৌশলী	
প্রধান সহকারী/পিএ/ক্যাশিয়ার/স্টোর কিপার/শাহিনুর/সাজিদ/	
হিমাদ্রী/আনোয়ার/জয়নাল/মরিয়ম/ব্যবস্থা নিন/আলাপ করুন।	
গ্রহন নং- ২৪২০ নথি নং-	
তারিখঃ ০৬/০২/২৬	ডিডিএই, ঝিনাইদহ

স্মারকলিপি

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ে চলতি "মাঘ-১৪৩২ মাসে কৃষক ভাইদের করণীয়" শীর্ষক লিফলেট এতদসংগে সংযুক্ত করে প্রেরণ করা হলো। এ লিফলেটটি মুদ্রণ করে আপনার অঞ্চল/জেলার কৃষক ভাইদের মাঝে ব্যাপক ভাবে প্রচার করার জন্য নির্দেশ প্রদান করা হলো এবং এ বিষয়ে অগ্রগতির প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরণ করার জন্য বলা হলো।

সংযুক্ত: "মাঘ"-১৪৩২ মাসে কৃষক ভাইদের করণীয়"-০১ (এক) পাতা।


মোঃ উবায়দুর রহমান মন্ডল
পরিচালক
ফোনঃ ৫৫০২৮৪০৩
০৬/০২/২৬

স্মারকনং- ১২.১০.০০০০.০০৪.১৬.০৫২.১৩(৩য় অংশ)/২৪৪০/১ (২২)

তারিখ: ০৪/০১/২০২৬খ্রি.

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে-

- ১। পরিচালক, প্রশাসন ও অর্থ উইং/হটিকালচার উইং/প্রশিক্ষণ উইং/উদ্ভিদ সংরক্ষণ উইং/উদ্ভিদ সংগনিরোধ উইং/ক্রপস উইং/পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা।
- ২। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, ডিএই, খামারবাড়ি, ঢাকা। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর..... অঞ্চল (১৪টি)।
- ৪। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর..... (জেলা সকল)।
- ৫। উপপরিচালক, (আইসিটি ব্যবস্থাপনা), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা। (লিফলেটটি ডিএই এর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ৬। অতিরিক্ত উপপরিচালক, নিয়ন্ত্রণ কক্ষ, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর খামারবাড়ি, ঢাকা। (লিফলেট টি ই-মেইল যোগে সকল অতিরিক্ত পরিচালক ও উপপরিচালক, ডিএই বরাবরে প্রেরণ নিশ্চিত করতে বলা হলো)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ


- ১। মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ৩। অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫।
- ৫। অফিস কপি।

স্মারক নং-১২.০১.৪৪০০.১২০.৯৯.১০৪.২২.২৪৬৭(০৬)

জ্ঞাতার্থে ও কার্যার্থে-

- ১। উপজেলা কৃষি অফিসার, ঝিনাইদহ সদর/কালীগঞ্জ/কোটচাঁদপুর/মহেশপুর/গোলকুপা/হরিণাকুণ্ড, ঝিনাইদহ। পত্রের মর্মানুষীয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

তারিখ: ০৬/০২/২০২৬খ্রি.


(মোঃ আনিসুজ্জামান খান)
অতিরিক্ত উপপরিচালক (শস্য)
পক্ষে-উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঝিনাইদহ

“মাঘ মাসে কৃষক ভাইদের করণীয়”

বোরো ধান:

- বোরো ধানে এইজেড ও জাত অনুসারে চারা রোপণের ১৫-২০ দিন পর প্রথম কিস্তি, ৩০-৪০ দিন পর দ্বিতীয় কিস্তি এবং ৫০-৫৫ দিন পর শেষ কিস্তি হিসেবে ইউরিয়া সারের উপরি প্রয়োগ করতে হবে;
- চারা রোপণকালে শৈত্য প্রবাহ শুরু হলে কয়েকদিন দেরি করে চারা রোপণ করুন;
- বোরো ধানের চারা রোপণের পর শৈত্য প্রবাহ দেখা দিলে জমিতে ৫-৭ সেন্টিমিটার পানি ধরে রাখুন;
- বোরো ধানে নিয়মিত সেচ প্রদান, আগাছা দমন, বালাই ব্যবস্থাপনাসহ অন্যান্য পরিচর্যা করতে হবে। AWD পদ্ধতিতে সেচ প্রদান করলে পানি-সংশ্রয় হয় ও ফলন বাড়ে।
- রোগ ও পোকা থেকে ধান ফসলকে রক্ষা করতে সমন্বিত বালাই ব্যবস্থাপনা পদ্ধতি প্রয়োগ করতে হবে। এ ক্ষেত্রে পরিষ্কর চাষাবাদ, আন্তঃপরিচর্যা, যান্ত্রিক দমন, উপকারী পোকা সংরক্ষণ, ক্ষেতে ডালপালা পুঁতে পাখি বসার ব্যবস্থা করা, আলোর ফাঁদ এসবের মাধ্যমে ধানক্ষেত বালাই মুক্ত করতে হবে;
- এসব পন্থায় রোগ ও পোকাকার আক্রমণ-প্রতিরোধ করা না গেলে শেষ উপায় হিসেবে সঠিক বালাইনাশক, সঠিক সময়ে, সঠিক মাত্রায় প্রয়োগ করতে হবে;

আলু:

- আলু ফসলে নাবি ধ্বসা রোগ বা মড়ক রোগ দেখা দিতে পারে, মড়ক রোগ দমনে দেরি না করে ম্যানকোজেব বা মেটালেক্সিল বা কুপার ভিত্তিক ছত্রাকনাশক নিয়মিত স্প্রে অথবা অনুমোদিত ছত্রাকনাশক মাত্রানুযায়ী প্রয়োগ করতে হবে;
- তাছাড়া আলু ফসলে মালচিং, সেচ প্রয়োগ, আগাছা দমনের কাজগুলোও করতে হবে;
- আলু গাছের বয়স ৯০ দিন হলে মাটির সমান করে গাছ কেটে দিতে হবে এবং ১০ দিন পর আলু তুলে ফেলতে হবে;
- আলু তোলার পর ভালো করে শুকিয়ে রাখাই করতে হবে এবং সংরক্ষণের ব্যবস্থা নিতে হবে;

শীতকালীন সবজি:

- বেশি ফলন পেতে শীতকালীন শাকসবজি যেমন ফুলকপি, বাঁধাকপি, টমেটো, বেগুন, ওলকপি, শালগম, গাজর, শিম, লাউ, কুমড়া, মটরশুঁটি এসবের নিয়মিত যত্ন নিতে হবে;
- টমেটো ফসলের মারাত্মক পোকা হলো ফলছিদ্রকারী পোকা। সমন্বিত বালাই দমন পদ্ধতিতে এ পোকা দমন করতে হবে;
- শীতকালে মাটিতে রস কমে যায় বলে সবজি ক্ষেতে চাহিদা মারফিক সেচ দিতে হবে।
- গোড়ার মাটি আলগা করে দিতে হবে এবং আগাছামুক্ত রাখতে হবে;

তাছাড়া কৃষির যে কোন সমস্যায় উপজেলা কৃষি অফিস অথবা কৃষি কল সেন্টারের ১৬১২৩ নম্বরে বা কৃষক বন্ধু সেবার ৩৩৩১ নম্বরে কল করে বিশেষজ্ঞদের পরামর্শ নিতে পারেন।